শেখ হাসিনার উদ্যোগ ঘরে ঘরে বিদ্যুৎ

ময়মনসিংহ পল্লী বিদ্যুৎ সমিতি-২
MYMENSINGH PALLI BIDYUT SAMITY-2
ISO 9001:2015 Certified

কাঠালী, ভালুকা, ময়মনসিংহ।
ইমেইল: mymensinghpbs2@gmail.com
ওয়েব: pbs2.mymensingh.gov.bd
ফেইসবুক: facebook.com/myemsinghpbstwo

স্মারক নং-২৭.১২.৬১১৩.৫৫৩.০১.০৩৮.২৩. ৭২২

তারিখঃ- ১৬ আগষ্ট ২০২৩ খ্রিষ্টাব্দ
০১ ভাদ্র ১৪৩০ বঙ্গাব্দ

বিষয়ঃ- "সিঙ্গেল ফেজ অফ-লাইন প্রি-পেইড মিটারের ব্যাটারি' সরবরাহের (RFQ) পদ্ধতিতে দরপত্র বিজ্ঞপ্তি।

ময়মনসিংহ পল্লী বিদ্যুৎ সমিতি-২ এর জন্য নিম্নোক্ত বিবরণ ও শর্ত মোতাবেক কর্তৃক "সিঙ্গেল ফেজ অফ-লাইন প্রি-পেইড মিটারের ব্যাটারি" সরবরাহের নিমিত্ত নিজস্ব তহবিলের আওতায় কোটেশন প্রদানের অনুরোধ জ্ঞাপন (RFQ) পদ্ধতিতে বাংলাদেশী প্রকৃত ব্যবসায়ী/উৎপাদনকারী/পরিবেশক/সরবরাহকারী প্রতিষ্ঠান হইতে নিজস্ব লেটার হেড প্যাডে সীলমোহরকৃত খামে দরপত্র আহবান করা যাচ্ছে।

| ক্রঃ নং | মালামালের বিবরন | পরিমান | দাখিলকৃত একক দর | দাখিলকৃত মোট দর |
|---|---|---|---|---|
| ০১ | "সিঙ্গেল ফেজ অফ-লাইন প্রি-পেইড মিটারের ব্যাটারি "<br>Brand Name: International Reputed Brand<br>Model Number: ER14250 (with plug)<br>Shape: Cylindrical<br>Nominal Voltage: 3.6V<br>Working: -55° C to 85°C<br>Battery Size: 1/2AA<br>Battery Type: Lithium<br>Dimensions: 14.5*25.0mm<br>National Capacity: 1.2Ah<br>Battery Charging: No<br>Cover: According to Battery size (নমুনা মোতাবেক)<br>Warranty: 1 Year<br>(borader specification & sample is attached) | ৬৫০ টি | | |

দরপত্র দাখিল ও অন্যান্য শর্তাবলীঃ

০১। আগ্রহী দরদাতাকে আগামী ২২/০৮/২০২৩ খ্রিঃ তারিখ রোজ মঙ্গলবার বেলা ১১.০০ ঘটিকার মধ্যে সীলমোহরকৃত দরপত্র ময়মনসিংহ পল্লী বিদ্যুৎ সমিতি-২, ভালুকা, ময়মনসিংহ অথবা পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন (কেঃ অঃ) পরিদপ্তর, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড, নিকুঞ্জ, খিলক্ষেত, ঢাকা এ রক্ষিত টেন্ডার বাক্সে দাখিল করতে পারবেন। নির্ধারিত সময়ের পর কোন দরপত্র গ্রহণ করা হবে না। দাখিলকৃত দরপত্রসমূহ দরপত্র দাখিলের দিনই অর্থাৎ আগামী ২২/০৮/২০২৩ খ্রিঃ তারিখ রোজ মঙ্গলবার বেলা ১১.০৫ ঘটিকায় এ উপস্থিত দরদাতা/ প্রতিনিধির সম্মুখে (যদি কেহ উপস্থিত থাকেন) দরপত্রসমূহ খোলা হবে। ডাক ও কুরিয়ার যোগে কোন দরপত্র প্রেরণ করা যাইবে না।

০২। দরদাতা প্রতিষ্ঠানকে দরপত্রের সাথে হালনাগাদ বৈধ ট্রেড লাইসেন্স, আয়কর সনদ, ভ্যাট রেজিষ্ট্রেশন, আর্থিক স্বচ্ছলতার সমর্থনে ব্যাংকের সনদপত্র এবং পল্লী বিদ্যুৎ সমিতিতে উল্লেখিত মালামাল সরবরাহের অভিজ্ঞতা (যদি থাকে) এর সত্যায়িত অনুলিপি দাখিল করতে হবে।

০৩। দরপত্রের সাথে সরবরাহকৃত ব্যাটারীর ০১ (এক) টি নমুনা দাখিল করতে হবে। নমুনা ব্যতীত দরপত্র মূল্যায়ন করা হবে না। উল্লেখ্য যে, দাখিলকৃত নমুনা দরপত্রে উল্লেখিত স্পেসিফিকেশন অনুযায়ী যথাযথ এবং পরীক্ষাতে উত্তীর্ণ হলে সর্বনিম্ন দরদাতার বিপরীতে কার্যাদেশ প্রদান করা যেতে পারে।

০৪। খামের উপর "সিঙ্গেল ফেজ অফ-লাইন প্রি-পেইড মিটারের ব্যাটারি" কথাটি লিখতে হবে। অসম্পূর্ণ দরপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে। কার্যাদেশের সময় মালামাল কম/বেশী হতে পারে।

০৫। উৎপাদনকারী/সরবরাহকারী প্রতিষ্ঠানের নিজস্ব লেটার হেড প্যাডে "সিঙ্গেল ফেজ অফ-লাইন প্রি-পেইড মিটারের ব্যাটারি" সরবরাহের দরপত্র এর একক মূল্য ও মোট মূল্য উল্লেখপূর্বক সীলমোহরকৃত খামে দর দাখিল করতে হবে।

০৬। কার্যাদেশপ্রাপ্ত প্রতিষ্ঠানকে কার্যাদেশ প্রাপ্তির সর্বোচ্চ ০৭ (সাত) দিনের মধ্যে নিজ দায়িত্বে ও খরচে নিজস্ব ব্যবস্থাপনায় পবিস সদর দপ্তরে মালামাল সরবরাহ করতে হবে। সরবরাহকৃত মালামাল উন্নতমানের এবং নমুনা মোতাবেক হতে হবে। অন্যথায় মালামাল গ্রহণ করা হবে না।

০৭। সরবরাহকারীকে চালান ও বিল দাখিলের পর সরবরাহকৃত মালামালের গুনগত মান যাচাই পূর্বক মান সঠিক আছে মর্মে প্রত্যয়ন সাপেক্ষে পবিস কর্তৃক সরকারি নিয়মানুযায়ী ভ্যাট ও আয়কর কর্তন সাপেক্ষ একাউন্ট পেয়ী চেকের মাধ্যমে মালামালের মূল্য পরিশোধ করা হবে।

০৮। যথাসময়ে মালামাল সরবরাহ করতে ব্যর্থ হলে প্রতিদিন বিলম্বের জন্য মোট বিলের ১% এর ১/১০ অংশ বিল হতে কর্তন করা হবে। তবে কোন অবস্থাতেই কর্তনযোগ্য জরিমানা মোট কার্যাদেশ মূল্যের ১০% এর অধিক হবে না।

০৯। দরপত্র বাছাইকালে উদ্ধৃত মূল্যে গাণিতিক কোন ভুল থাকলে উদ্ধৃত একক মূল্যকে পরিমাণ দ্বারা গুণ করে প্রাপ্ত মোট মূল্য এবং উদ্ধৃত মোট মূল্যের মধ্যে কোন গড়মিল দেখা দিলে সেক্ষেত্রে একক মূল্য বহাল থাকবে এবং সে অনুযায়ী মোট মূল্যকে সংশোধন করা হবে। অংকে উদ্ধৃত মূল্য এবং কথায় উদ্ধৃত মূল্যের মধ্যে কোন গড়মিল দেখা দিলে সেক্ষেত্রে কথায় উদ্ধৃত মূল্য বহাল থাকবে।

১০। শর্তাবলীতে উল্লেখ নেই এমন বিষয়ে অত্র সমিতি ব্যবস্থাপনার সিদ্ধান্তই চূড়ান্ত বলে বিবেচিত হবে। ময়মনসিংহ পল্লী বিদ্যুৎ সমিতি-২ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যেকোন দরপত্র গ্রহণ অথবা বাতিল করার অধিকার সংরক্ষন করেন।

২৬.৮.২৬
(প্রকৌঃ নূর মোহাম্মদ)
সিনিয়র জেনারেল ম্যানেজার

অনুলিপিঃ সদয় অবগতি ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

০১। পরিচালক, পবিস মঃ ও ব্যঃ পঃ (কেঃঅঃ) পরিদপ্তর, বাপবিবোর্ড, ঢাকা।
০২। সিনিয়র সিস্টেম এনালিস্ট, বাপবিবোর্ড, ঢাকা। (দরপত্র গ্রহনের অনুরোধসহ)
০৩। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, ময়মনসিংহ জোন, বাপবিবোর্ড, ময়মনসিংহ (বাপবিবোর্ডের ওয়েব সাইডে আপলোড করার অনুরোধসহ)
০৪। জেলা প্রশাসক, ময়মনসিংহ/গাজীপুর।
০৫। পুলিশ সুপার, ময়মনসিংহ/গাজীপুর।
০৬। সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার...........পবিস-১/২/৩/৪।
০৭। নির্বাহী প্রকৌশলী, (এলজিইডি/গণপূর্ত/সড়ক ও জনপদ) ময়মনসিংহ/গাজীপুর।
০৮। ডিজিএম (মাওনা/গফরগাঁও/শ্রীপুর/টেকনিক্যাল), মপবিস-২।
০৯। এজিএম (অর্থ-হিসাব)/ওএন্ডএম/ইএন্ডসি/এমএস), মপবিস-২।
১০। সহঃ প্রকৌশলী, প্রকল্প বিভাগ, বাপবিবোর্ড, মপবিস-২।
১১। জুনিয়র ইঞ্জিনিয়ার (আইটি), মপবিস-২ (ওয়েব সাইটে আপলোড করবেন)।
১২। নোটিশবোর্ড, মপবিস-২।
১৩। মেসার্স-------------------------------------------।
১৪। অফিস কপি/ মাস্টার কপি।

(বিজ্ঞপ্তিটি নোটিশ বোর্ডে প্রচারের জন্য অনুরোধ করা হইল)

২৬.৮.২৬
(প্রকৌঃ নূর মোহাম্মদ)
সিনিয়র জেনারেল ম্যানেজার

D:\internal tender\RFQ\Battery.docx